

দৈনিক জনকণ্ঠ

তারিখ
পৃষ্ঠা ১০

DEC. 05 2002

আট বছর ধরে বেতনভাতা বঞ্চিত এক শিক্ষক ॥

আদালতের আদেশ অগ্রাহ্য

নিজস্ব সংবাদদাতা, কিশোরগঞ্জ ॥ জেলার কচিয়াদী উপজেলার অচমিত্রা চর্ক ইন্সটিটিউশনের সহকারী শিক্ষক শ্যামল চন্দ্র সরকার প্রায় আট বছর ধরে বেতনভাতা থেকে বঞ্চিত এ অবস্থায় তিনি পরিবার পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন। তাঁর বরখাস্ত আদেশকে অবৈধ ও বেআইনী ঘোষণা করে চাকরিতে তাঁর যোগদান গ্রহণের জন্য দেয়া আদালতের আদেশও অগ্রাহ্য করে কুল কর্তৃপক্ষ। উক্ত আদেশের বিরুদ্ধে বিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত আদালতে গেলে আপীল নামঞ্জুর হয়। অপরদিকে, সহকারী জজ আদালতের আদেশ পালন করে একটি পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে আদালতের আদেশ 'ভাঙ্গোপেলের' বিষয় নিয়েও আরেকটি মামলা হয়। এ সময়ের মধ্যেই মূল মামলার রায় ও আদেশ শিক্ষক শ্যামল সরকারের পক্ষে আসায় বিদ্যালয় কর্তৃপক্ষ এর বিরুদ্ধে আপীল করে, কিন্তু আপীল মামলায় পরাজিত হওয়ার পর আদালতের নির্দেশে শ্যামল সরকারের যোগদান আপেলন নিষিদ্ধ করলেও কর্তৃপক্ষ কুলের হাজিরা বাতিল তাঁকে দাঁকুর কবাসত পুনর্বহালের কোন কার্যক্রমই গ্রহণ করছে না। ফলে শিক্ষক শ্যামল সরকার চণ্ডের অনিশ্চয়তায়